

২০২৬ ওমরাহ মৌসুমের সময়সূচি ঘোষণা সৌদি আরবের

- A Monitor Desk Report

Date: 06 January, 2026



ঢাকাঃ সৌদি আরব আনুষ্ঠানিকভাবে ২০২৬ সালের ওমরাহ মৌসুমের শেষ তারিখ ঘোষণা করেছে। দেশটির হজ ও ওমরা মন্ত্রণালয় জানিয়েছে, নির্ধারিত সময়সীমার মধ্যে ওমরাহ সংক্রান্ত সব কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং এই সময়সীমা অতিক্রম করার পর কোনো ধরনের বাড়তি সময় মঞ্জুর করা হবে না।

মন্ত্রণালয়ের প্রকাশিত তথ্য অনুযায়ী, ওমরাহ ভিসা প্রদানের শেষ তারিখ নির্ধারণ করা হয়েছে ১৯ মার্চ ২০২৬। অর্থাৎ, এই তারিখের পর নতুন করে কোনো ওমরাহ ভিসা ইস্যু করা হবে না। পাশাপাশি, ওমরাহ পালনকারীদের সৌদি আরবে প্রবেশের শেষ তারিখ নির্ধারণ করা হয়েছে ০২ এপ্রিল ২০২৬।

এছাড়া, ওমরাহ শেষে সৌদি আরব ত্যাগ করার ক্ষেত্রেও নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। মন্ত্রণালয়ের ঘোষণা অনুযায়ী, যাত্রীদের জন্য চূড়ান্ত প্রত্যাবর্তনের শেষ তারিখ হলো ১৮ এপ্রিল ২০২৬। এর মধ্যে সব ওমরাহ যাত্রীকে সৌদি আরব ত্যাগ করতে হবে।

হজ ও ওমরা মন্ত্রণালয় তীর্থযাত্রী, ট্রাভেল এজেন্সি এবং সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানিয়েছে, তারা যেন এই ঘোষিত সময়সূচি অনুযায়ী তাদের ভ্রমণ পরিকল্পনা সম্পন্ন করেন। নির্ধারিত চূড়ান্ত তারিখের পরে অবস্থান বা প্রত্যাবর্তনের ক্ষেত্রে কোনো ধরনের সময় বাড়ানোর সুযোগ থাকবে না বলেও স্পষ্ট করে জানানো হয়েছে।

সৌদি কর্তৃপক্ষের এই ঘোষণা ওমরাহ যাত্রীদের জন্য পরিকল্পনা গ্রহণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

-B